গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ দেলোয়ার হোসেন মজুমদার<br>প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭ জুলাই, ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’। |

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সে সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করতঃ ওয়েবসাইট ও দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। একই সাথে মাঠ পর্যায়ের সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য তাগিদ প্রদান করতে হবে। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [ ১.১] ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ। | সভায় জানানো হয়, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পরিবীক্ষণ কমিটি ৫ জানুয়ারি ২০২৩ তারিখে পুনঃগঠিত করা হয়েছে। কমিটি ২০২৩-২৪ অর্থবছরে পুনর্গঠন করা প্রয়োজন। | ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে কমিটি পুর্নগঠন করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। | ১) জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br><br>২)জনাব ইফতেখার উদ্দিন আহম্মদ, প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | [ ১.২] ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডার, আভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান এবং আওতাধীন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে ১টি সভা আয়োজন করা প্রয়োজন। | ১) মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ তদারকি করতে হবে।<br><br>২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | ১) জনাব আসাদুজ্জামান, উপপরিচালক (প্রশাসন)<br><br>২)জনাব ইফতেখার উদ্দিন আহম্মদ, প্রোগ্রামার |
| ৩ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। সভায় ১ম ত্রৈমাসিকে ১টি সভা আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | সার্কেল ও জেলা অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ৩০/০৯/২৩ তারিখের মধ্যে সভা আয়োজন করতে হবে। | ১)জনাব ইফতেখার উদ্দিন আহম্মদ, প্রোগ্রামার<br><br>২) জনাব মো. নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী (সিভিল) |
| ৪ | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন বিধি-বিধান বিষয়ে ১টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। | ১ম ত্রৈমাসিকের আগস্ট শেষে কিংবা সেপ্টেম্বর শুরুর দিকে ১টি কর্মশালা আয়োজন করতে হবে। | ১)জনাব ইফতেখার উদ্দিন আহম্মদ, প্রোগ্রামার |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩-০৮-২০২৩

মোঃ দেলোয়ার হোসেন মজুমদার
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
০২-২২৩৩৮২৮৫৬ (ফোন)
০২-২২৩৩৮২৮৫৬ (ফ্যাক্স)
ce@eedmoe.gov.bd

১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
০৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০১৩.২২.১২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৬। উপপরিচালক, প্রশাসন: অধিশাখা-৬, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৭। নির্বাহী প্রকৌশলী (পুর), ডেস্ক-১/২/৩/৪, ডিজাইন,বিদ্যুৎ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক, অর্থ: অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১০। সহকারী প্রকৌশলী (পুর), ডেস্ক-১/২/৩/৪, বিদ্যুৎ/ডিজাইন/যান্ত্রিক, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১২। জনাব, ................................................, ;
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৪। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং
১৫। পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থে)।

০৩-০৮-২০২৩
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র ১ম ত্রৈমাসিক সভা আয়োজন প্রসঙ্গে
(২) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি